

ভূমিকা :

পবিত্র কোরআন হচ্ছে আল্লাহ্ রাব্বুল আ'লামিনের পবিত্র বাণী। আর এই বাণীর মাধ্যমেই তিনি তাঁর সৃষ্টিত মানুষ জাতিকে হিদায়ত দিয়ে থাকেন। যদিও এই পবিত্র বাণী বুঝার জন্য তিনি যুগে যুগে নবী-পয়গাম্বর পাঠিয়েছেন। কারণ তারা আল্লাহ্‌র অতি নিকটতম ব্যক্তি এবং তাঁর একান্ত প্রশিক্ষণ প্রাপ্ত। তাই শুধুমাত্র তারাই তাঁর প্রেরিত বাণীর প্রকৃত অর্থ বুঝতে পারেন। যা আমাদের মত সাধারণ মানুষের পক্ষে অতিশয় কষ্ট সাধ্য ব্যাপার। আমাদের মত সাধারণ মানুষের পক্ষে কোরআনের বাহ্যিক অর্থ বুঝার ক্ষমতা থাকলেও তার আভ্যন্তরীণ অর্থ বোধগম্য নয়। শুধুমাত্র তারাই এই আভ্যন্তরীণ অর্থের নির্ণায়ক যাদেরকে আল্লাহ্ তা'য়ালার বিশেষ জ্ঞান দিয়ে জ্ঞানান্বিত করেছেন। আর তারা হচ্ছেন সেই প্রিয় নবী মুহাম্মদ মুসতাফা (সাঃ) ও তার আহলে বাইত যাদের সম্মুখে জিব্রাঈল (আঃ) আল্লাহ্‌র পবিত্র বাণী নিয়ে হাজির হতেন। তাই আমরা যদি পবিত্র কোরআনের আভ্যন্তরীণ অর্থকে বুঝতে চাই তবে তাদের কাছ থেকে শিক্ষা অর্জন করতে হবে এর কোন সন্দেহের অবকাশ নেই।

পবিত্র কোরআন আমাদের জীবনের চলার পথকে সুদৃঢ় করতে প্রেরিত হয়েছে। যার মাধ্যমে আমরা প্রকৃত জীবন পদ্ধতি সম্পর্কে অবগত হতে পারি এবং তাকে সুন্দরভাবে সাজাতে পারি। যদি পবিত্র কোরআনের দিকে (নবী ও তাঁর আহলে বাইতের ব্যাখ্যামতে) আমরা গভীর দৃষ্টিতে লক্ষ্য করি তাহলে দেখতে পাব যে, এই পবিত্র কোরআন আল্লাহ্ তা'য়ালার সৃষ্টিত সকল কিছুর বিষয়ে বর্ণনা দিয়েছে। আর তাতে ক্ষুদ্রতম বিষয় সম্পর্কেও বর্ণনা দেয়া হয়েছে।

পবিত্র কোরআন কখনো আমাদেরকে অতীত পয়গাম্বরগণের জীবনী ও তাদের সময়কার জনগণের চল-চলন গল্প আকারে বর্ণনা দিয়েছে এবং আমাদেরকে তা থেকে শিক্ষা নিতে বলেছে। আবার কখনো নির্দেশ প্রদান করেছে। আবার কখনো শত্রুর সাথে মুনাযিরাহ্ ও মুকাবিলাহ্ করতে বলেছে। আবার কখনো আসমান, জমিন, তারকারাজী, নক্ষত্রসমূহ, চন্দ্র, সূর্য সম্পর্কে বর্ণনা দিয়েছে। আবার কখনো বেহেশত, দোযখ, নে'য়ামতসমূহ সম্পর্কে বর্ণনা দিয়েছে। আবার কখনো গোনাহের সাজা ও ভাল কাজের পুরস্কার সম্পর্কে কথা বলেছে।

আমরা এ পর্যায়ে পবিত্র কোরআনে বর্ণিত নবী, পয়গাম্বর ও অলি আউলিয়াদের কর্মকাণ্ডসমূহের উপর দৃষ্টিপাত করবো। পবিত্র কোরআনে ২৮ টি নবী ও পয়গাম্বরের ঘটনা বর্ণিত হয়েছে যার প্রথমে হচ্ছেন হযরত আদম (আঃ) ও সর্বশেষ হচ্ছেন নবী পাক (সাঃ) এবং এছাড়াও পবিত্র কোরআনে ১৪টি অলি আউলিয়া ও পরহিয়গার ব্যক্তির ঘটনা বর্ণিত হয়েছে। ইনশাআল্লাহ্ আমরা এখানে পর্যায়ক্রমে সেগুলো তুলে ধরার চেষ্টা করবো।